

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-৭(২১)শুক্ক: রপ্তানি ও বন্ড/২০০৭/৫০(১)

তারিখ ০২.০৩.২০১১

বিষয়: বন্ডের আওতায় প্লাস্টিক এক্সেসরিজ শিল্পের কাঁচামাল আমদানির ক্ষেত্রে খালাস পর্যায়ে ব্যাংক গ্যারান্টি প্রদানের শর্ত প্রত্যাহার প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি নির্দেশিত হয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বন্ডের আওতায় আমদানীয় প্লাস্টিক শিল্পের কাঁচামালের বিপরীতে খালাস পর্যায়ে ২৫% ব্যাংক গ্যারান্টি প্রদানের বিধান এতদ্বারা রহিত করা হলো। তবে বন্ড সুবিধার সম্ভাব্য অপব্যবহার রোধে বন্ডের আওতায় আমদানিকৃত প্লাস্টিক শিল্পের কাঁচামাল দ্বারা প্রস্তুতকৃত পণ্যের ক্ষেত্রে রপ্তানির সময় দৈবচয়নের ভিত্তিতে সর্বমোট চালানোর ৫% কার্যিক পরীক্ষা করার নির্দেশ দেয়া হলো। এক্ষেত্রে সংশ্লিষ্ট রপ্তানিকারক অন্যান্য রপ্তানি দলিলাদির সাথে সংশ্লিষ্ট কাস্টম হাউসে ইউডিআর কপি দাখিল করবে। কার্যিক পরীক্ষার মাধ্যমে ইউডিআরে উল্লিখিত পণ্যের বর্ণনা, আকৃতি, সংখ্যা ও পরিমাণ অনুসারে পণ্য যথাযথভাবে রপ্তানি হচ্ছে কিনা তা যাচাইপূর্বক অনিয়ম থাকলে কাস্টম হাউস যথাযথ ব্যবস্থা নেবে।

০৩। জাতীয় রাজস্ব বোর্ডের অফিস আদেশ নং-১(১)শুক্ক: রপ্তানি ও বন্ড/৯৯(অংশ-১)৩১৮ তারিখ ২৮.০৯.২০০৫ খ্রিষ্টাব্দ এতদ্বারা বাতিল করা হলো।

স্বাক্ষরিত/-
(মো: জাকির হোসেন)
দ্বিতীয় সচিব (শুক্ক: রপ্তানি ও বন্ড)